৫০

ভোরের কাগজ

তারিখ FEB 7 1999
পৃষ্ঠা 2 কলাম ৫

# ছাত্র সংগঠনগুলোর আন্দোলনের মুখে মার্চে ইউকসু নির্বাচনের সম্ভাবনা

কমল ঘোষ : আগামী মার্চে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কেন্দ্রীয় ছাত্র সংসদের (ইউকসু) নির্বাচন অনুষ্ঠিত হতে পারে। ইউকসু নির্বাচনের দাবিতে বুয়েটে সক্রিয় সবগুলো ছাত্র সংগঠনের আন্দোলনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ এ ধরনের চিন্তাভাবনা করছে বলে জানা গেছে।

এক বছর মেয়াদি ইউকসুর সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ১৯৯৭ সালের ২৪ মার্চ। বর্তমানে বুয়েটের প্রধান চার ছাত্র সংগঠন ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ইউকসু নির্বাচনের দাবি নিয়ে আন্দোলন করছে। ছাত্র সংগঠনগুলো ইতিমধ্যেই ইউকসু নির্বাচনসহ বুয়েটের বিভিন্ন সমস্যা সমাধানের দাবিতে উপাচার্য ড. নুরুদ্দীন আহমেদের কাছে পৃথক পৃথক স্মারকলিপি দিয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী সপ্তাহে আন্দোলনরত ছাত্র সংগঠনগুলোর সঙ্গে বৈঠক করবে। জানা গেছে, ছাত্র সংগঠনগুলোর মতামতের ভিত্তিতে আগামী মার্চের প্রথম দিকে কর্তৃপক্ষ ইউকসু নির্বাচনের তারিখ ঘোষণা করতে পারেন।

এ ব্যাপারে বুয়েটের উপাচার্য অধ্যাপক নুরুদ্দীন আহমেদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, ইউকসুর নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ছাত্র সংগঠনগুলোর সঙ্গে কথা বলার জন্য ছাত্র কল্যাণ পরিচালক অধ্যাপক শামিমুজ্জামান বসুনিয়াকে দায়িত্ব দেওয়া হয়েছে। ছাত্র সংগঠনগুলো চাইলে অবিলম্বেই ইউকসু নির্বাচনের ব্যবস্থা করা হবে।